

প্রেস রিলিজ

২৭ ফেব্রুয়ারি ২০২৪

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের উদ্যোগে ২৭ ফেব্রুয়ারি ২০২৪, মঙ্গলবার সকালে বাউবির গাজীপুর ক্যাম্পাসে মহান মুক্তিযুদ্ধ ভিত্তিক গবেষণা অনুদান প্রদানের লক্ষ্যে গবেষকগণের সাথে এক চুক্তি স্বাক্ষরিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন, বাউবির উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার। তিনি গবেষকদের উদ্দেশ্যে বলেন, গভীরতা, বিশ্লেষণ, লক্ষ্য, সময়, উপাত্ত ইত্যাদির ওপর ভিত্তি করে গবেষণা বিভিন্ন রকমের হতে পারে। মহান মুক্তিযুদ্ধের ওপর গবেষণা সবচেয়ে গর্ব ও অহংকারের কাজ। অসংখ্য না বলা ঘটনা ও নানা তথ্য উপাত্ত আপনাদের কাজের মাধ্যমে বেরিয়ে আসবে। কোয়ালিটি রিসার্চের উপর জোর দিয়ে তিনি বলেন, গবেষণার মাধ্যমে সঠিক ফলাফল পেতে অবশ্যই বেশি বেশি সময় দিতে হবে। বাউবির লাইব্রেরিসহ যে কোন সোর্স ব্যবহারে গবেষকদের প্রতি আহ্বান জানান উপাচার্য।



গবেষকের সাথে উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্রের পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলমের সঞ্চালনায় অনুষ্ঠানে পাঁচজন গবেষকের সঙ্গে বাউবির পক্ষে এই চুক্তিপত্রে স্বাক্ষর করেন রেজিস্ট্রার ড. মহাঃ শফিকুল আলম। চুক্তিস্বাক্ষর অনুষ্ঠানে উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন আশাবাদ ব্যক্ত করে বলেন, মুক্তিযুদ্ধের ইতিহাসকে আরো সমৃদ্ধ ও প্রজ্জ্বলিত করতে আপনাদের গবেষণাকর্ম যথেষ্ট অবদান রাখবে। গবেষকগণকে তাদের গবেষণার মাধ্যমে মুক্তিযুদ্ধের সঠিক, বস্তুনিষ্ঠ ও তথ্য সমৃদ্ধ গবেষণা প্রতিবেদন যথাসময়ে সম্পন্ন এবং গবেষণা কর্ম থেকে পরবর্তী প্রজন্ম যেন মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানতে পারে সেদিকে লক্ষ্য রাখারও পরামর্শ দেন তিনি। মহান মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণা অনুদান প্রদানের এই মহৎ উদ্যোগ গ্রহণ করায় গবেষকগণ বাউবি কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। উল্লেখ্য, এক বছর মেয়াদি মুক্তিযুদ্ধভিত্তিক গবেষণা কাজের জন্য প্রত্যেকে দুই লক্ষ টাকা করে পাবেন।

স্বাক্ষর

ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন
পরিচালক (ভারপ্রাপ্ত)

বাউবির দিক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা